

র দ্বীনী প্রশ্নোত্তর

বিভাগ/অধ্যায়ঃ হজ্জ ও উমরা রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

চুল কাটতে ভুলে গিয়ে সফর করার পর স্মরণ হলে করণীয় কি?

চুল কাটতে ভুলে গিয়ে সফর করার পর স্মরণ হলে, স্মরণ হওয়া মাত্র (পুরুষ হলে এবং ইহরামের কাপড় খুলে ফেললে)ইহরামের কাপড় পরবে এবং হজ্জ পুরা করার নিয়তে চুল কাটে নেবে। অতঃপর যদি এর পূর্বে মক্কায় স্ত্রী সহবাস করে থাকে তবে মক্কায় ১টি (ছাগল বা ভেড়া, নচেৎ উট বা গরুর ৭ ভাগের এক ভাগ)দম লাগবে। আর সে মাংস সেখানকার গরীবদের মাঝে বিতরণ বিতরণ করতে হবে। তবে যদি সহবাস মক্কার বাইরে কোথাও হয় তবে দেশেই ঐ ফিদিয়াহ যবেহ করে দেশের গরীবদের মাঝে তাঁর মাংস বিতরণ করতে পারে। ৩৮৫ (মাজাল্লাতুল বুহূসিল ইসলামিয়াহ)তদনুরূপ যে ব্যক্তি না জেনে মাথার সম্পূর্ণ চুল না ছেঁটে কেবল এখান ওখান থেকে কিছু চুল কেটে হালাল হয়েছে সে ব্যক্তির জন্যও বিধান এই। ৩৮৬ (ফাতাওয়া ইবনে উষাইমীন ২/৬৩৪)

• Source — https://www.hadithbd.com/books/link/?id=295

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন